গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
চট্টগ্রাম
(সংস্থাপন শাখা)
**www.chittagongdiv.gov.bd**

নম্বর: ০৫.৪২.২০০০.০০০.০১৩.১১.০০০১.২৪. ৭২৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩২
২১ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৫ মে ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৪৪.১৬.৬৪ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামের নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চট্টগ্রাম বিভাগের জেলাসমূহের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ (http://divctg.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩ | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা এবং কম্পিউটার কম্পোজিং এ বাংলা ও ইংরেজিতে টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ শব্দ ও ২০ শব্দ। |
| ২ | রেকর্ড কিপার | ১ | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা এবং কম্পিউটার কম্পোজিং এ বাংলা ও ইংরেজিতে টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ শব্দ ও ২০ শব্দ। |
| ৩ | ডেসপাস রাইডার | ৩ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোটর সাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী। |
| ৪ | অফিস সহায়ক | ৫ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | অর্ডারলি | ১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | নিরাপত্তা প্রহরী | ১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

**আবেদনের শর্তাবলি:**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চট্টগ্রাম বিভাগাধীন জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীর বয়সসীমা **৩১ আগস্ট ২০২৫** তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে 'বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিতসহ)' অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৬। প্রার্থী নির্বাচনে সরকারি বিধি বিধান ও কোটা সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের স্মারক নম্বর: ০৫.০০.০০০০. ১৭০.১১.০১৪.২৪.১৪১ নম্বর প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৭। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল সনদ/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। দাখিলীয় কাগজপত্রাদির তালিকা:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র প্রদর্শনপূর্বক এর সত্যায়িত কপি;

খ) অতিরিক্ত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত প্রমাণকের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি ;

ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) ডাউনলোডকৃত Applicant's copy এর সত্যায়িত কপি;

ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১১। প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১৪। ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://divctg.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ: **০৪ আগস্ট ২০২৫**, সকাল ১০:০০ টা হতে এবং শেষ তারিখ: **৩১ আগস্ট ২০২৫**, বিকাল ০৫:০০টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র দাখিল (Submit) করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS <u>প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u>** Online-এ আবেদনপত্র ( Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফি ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- টাকা এবং ৩ থেকে ৬ নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফি ৫০/- ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- টাকা অনলাইনে আবেদন দাখিলের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **সকল গ্রেডের পদেই অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ (ছয়) টাকা টাকাসহ অর্থ্যাৎ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা।** অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজ সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS:** **DIVCTG** <space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: **DIVCTG ABCDEF** & send to 16222
Reply : Applicant's Name, Tk, 112/56/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **DIVCTG Yes PIN** and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DIVCTG** <space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **DIVCTG Yes 12345678** & send to 16222
Reply : Congratulations Applicant`s Name, payment completed successfully for divctg Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://divctg.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নাম্বারে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদান করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **DIVCTG** <space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222
Example: **DIVCTG Help User ABCDEF** & send to 16222.

ii) PIN Number জানা থাকলে: **DIVCTG** <space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222
Example: **DIVCTG Help PIN 12345678** & send to 16222.

iii) User ID হারিয়ে গেলে http://divctg.teletalk.com.bd ওয়েবসাইট থেকে পুনরুদ্ধার করা যাবে।

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর **www.chittagongdiv.gov.bd** ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.chittagongdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.quary@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেজবুক পেজ **http://www.facebook.com/alljobsbdTeletalk** মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: divctg, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৫। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে, কোন অযোগ্যতা ধরা পড়লে, কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয়গ্রহণ করলে, পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

১৭। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৩.৭.২৫
(ড. মোঃ জিয়াউদ্দীন)
কমিশনার
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
☏০২৪১৩৬০৮০১
ই-মেইল- divcomchittagong@mopa.gov.bd

নম্বর: ০৫.৪২.২০০০.০০০.০১৩.১১.০০০১.২৪. ১২৮(৫২) তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম
৫-৭। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/উন্নয়ন/রাজস্ব), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৮-১৮। জেলা প্রশাসক (সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
১৯-২৯। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল), জেলা পরিষদ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩০। উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস, চট্টগ্রাম (তাঁকে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৩১-৪১। উপপরিচালক (সকল), জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, ........................... জেলা, চট্টগ্রাম বিভাগ

৪২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম

৪৩-৪৪। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৪৫। অ্যাডিশনাল জেনারেল ম্যানেজার, ডিজিটাল সার্ভিসেস; টেলিটক বাংলাদেশ লিমিটেড
দৃষ্টি আকর্ষণ: ব্যবস্থাপক, ভ্যালু এডেড সার্ভিস (ভাস-২), মার্কেটিং এন্ড ভাস
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ম তলা), হোল্ডিং নং-৩/এ,৫/এ,৭/এ, রোড-১৭, গুলশান-১, ঢাকা-১২১২

৪৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার
আমার দেশ, ঢাকা ট্রেড সেন্টার, ৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
(আপনার পত্রিকায় ভিতরের পাতায় সিঙ্গেল স্পেসে (৩ কলাম ৮ ইঞ্চি) এক দিনের জন্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে প্রকাশ এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের দিনের পত্রিকার ৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৪৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আজাদী, ৯, সি.ডি.এ. বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০
(আপনার পত্রিকায় ভিতরের পাতায় সিঙ্গেল স্পেসে (৩ কলাম ৮ ইঞ্চি) এক দিনের জন্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে প্রকাশ এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের দিনের পত্রিকার ৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৪৮-৪৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

২৬.৭.২৫

কমিশনার
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম